



প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্নাবলী

১. দাঁতের স্বাস্থ্য মূল্যায়ন কী?

দৃষ্টি ও শ্রবণ স্ক্রিনিংয়ের মতো মুখের স্বাস্থ্য মূল্যায়নেও, লাইসেন্স প্রাপ্ত ডেন্টাল প্রফেশনালের মাধ্যমে দাঁতে ক্ষয় বা সংক্রমণ আছে কিনা তা পরীক্ষা করতে ৫ মিনিটের বেশি সময় লাগে না এবং এটি সম্পূর্ণ বিনামূল্যে করা হয়।

২. স্বাস্থ্য মূল্যায়ন ফর্মে KOHA (কিন্ডারগার্টেন মুখের স্বাস্থ্য মূল্যায়ন) ফর্মটি কে পূরণ করতে পারে?

মিশিগানে লাইসেন্স প্রাপ্ত যেকোনো ডেন্টিস্ট, ডেন্টাল থেরাপিস্ট বা নিবন্ধিত ডেন্টাল হাইজিনিস্ট এই ফর্ম পূরণ করতে পারে

৩. মূল্যায়ন ফর্ম কী? আমি এখন কী করব?

যদি আপনার শিশু স্কুলে মূল্যায়ন সম্পন্ন করে থাকে, তাহলে KOHA (কিন্ডারগার্টেন মুখের স্বাস্থ্য মূল্যায়ন) ফর্ম ইতোমধ্যে আপনার শিশুর রেকর্ডে জমা দেওয়া হয়েছে। যদি কোনো কমিউনিটি-আয়োজিত ইভেন্টে আপনার শিশুর মূল্যায়ন করা হয়ে থাকে, তাহলে অনুগ্রহ করে আপনার শিশুর সম্পন্ন করা ডেন্টাল মূল্যায়নটি স্কুল বর্ষ শুরুর আগে বা ৩১ অক্টোবরের মধ্যে ফেরত দিন।

৪. আমার শিশুর অতিরিক্ত পরিচর্যার প্রয়োজন হলে কী করব?

যদি অতিরিক্ত ফলোআপের পরামর্শ দেওয়া হয়, তাহলে অনুগ্রহ করে এই শিটের অপর পাশে উল্লেখকৃত প্রদানকারীদের তালিকা দেখুন। এই ডেন্টিস্টরা নতুন রোগি দেখছেন এবং শিশুদের দস্ত সেবা দিচ্ছেন।

৫. শিশুদের ক্ষেত্রে দুধদাঁত ক্ষয় হলো সবচেয়ে বেশি প্রচলিত রোগ

দাঁত ক্ষয়, বা ক্যাবিটি হওয়া এখন পর্যন্ত সবচেয়ে সাধারণ শৈশবকালীন রোগ। এটি শিশুদের মধ্যে হাঁপানির চেয়ে পাঁচগুণ বেশি সাধারণ! তবে সুসংবাদ হলো এটি সবচেয়ে প্রতিরোধযোগ্য রোগের মধ্যে একটি।

৬. যদি আমার সন্তানকে ডেন্টিস্টের কাছে নিয়ে যাওয়ার সামর্থ্য না থাকে তাহলে কী হবে?

আপনাকে বিনামূল্যে মূল্যায়ন সরবরাহ করা হবে। অনুগ্রহ করে লক্ষ্য করুন, বীমা যাচাই এবং বিল করা হতে পারে। মিশিগানে শিশুদের ডেন্টিস্ট বা ডেন্টাল পেশাজীবীদের দেখানোর বিভিন্ন উপায় রয়েছে। মিশিগানের হেলদি কিডস ডেন্টাল প্রোগ্রামে তালিকাভুক্তি এবং ডেন্টাল হোম সন্মানে সাহায্যের জন্য আপনার স্থানীয় স্বাস্থ্য বিভাগের সাথে যোগাযোগ করার বিষয়টি বিবেচনা করুন। মিশিগানের হেলদি কিডস ডেন্টাল প্রোগ্রাম: হেলদি কিডস ডেন্টাল প্রোগ্রাম (michigan.gov)

৭. আমি কীভাবে আমার পুরো পরিবারের জন্য একটি ডেন্টাল হোম খুঁজে পেতে পারি?

আপনি এই শিটের পিছনের দিকে তালিকাভুক্ত ডেন্টিস্টদের কাছে যেতে পারেন অথবা আপনার বীমা সরবরাহকারীর মাধ্যমে ডেন্টিস্ট ও জিপ কোড অনুযায়ী খুঁজে পেতে পারেন deltadental.com/us/en/member/find-a-dentist.html

৮. আমার বড় সন্তানদেরও কি দাঁতের স্ক্রিনিং করতে হবে?

এই আইনটি বিশেষত কিন্ডারগার্টেনে প্রবেশকারী শিশুদের জন্য, তবে সকল শিশুর বছরে কমপক্ষে দুইবার দাঁতের ডাক্তার দেখানোর সুপারিশ করা হয়।